## ৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৫৫তম (জানুয়ারি ২০২৪ মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি : শাহিদ মাহমুদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

তারিখ : ২৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ২১-১২-২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২. উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি রবি বোরো ধান উৎপাদনের লক্ষ্যমাত্র ২৩৭৭৫ হেঃ, শাকসবজি উৎপাদনের লক্ষ্যমাত্র ১৬০০হেঃ ও বোরো ধানের বীজতলার লক্ষ্যমাত্রা ১২৬৫ হেঃ। শীতকালে বোরো ধানের বীজতলাসহ অন্যান্য রবি ফসলের পরিচর্যার জন্য কৃষক পরামর্শ প্রদান করা হচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। চলতি মাসের ইউরিয়া সারের বরাদ্দ ১৯৬৭ মেঃ টন, টিএসপি সারের বরাদ্দ ২১৫.৬৫ মেঃটন, এমওপি সারের বরাদ্দ ৭৬৩.৪০ মেঃটন ও ডিএপি সারের বরাদ্দ ১৩০৫.৮০ মেঃটন। তিনি আরোও জানান যে, অদ্য ২৫/০১/২০২৪ তারিখ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ৬৩৪ মেঃটন, টিএসপি সারের মজুদ ১২৮ মেঃটন, এমওপি সারের মজুদ ৫১৪ মেঃটন ও ডিএপি সারের মজুদ ৬৭৮ মেঃ টন।<br>উপজেলা কৃষি অফিসার আরোও জানান যে, বস্তায় আদা চাষের মাধ্যমে পতিত জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভব। এ জন্য কৃষকদের দক্ষতাবৃদ্ধির জন্য উপজেলা পরিষদ হতে বস্তায় আদা চাষের একটি প্রকল্প গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। চলতি রবি মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদন অর্জন করতে হবে এবং রোগ বালাই দমনে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>৩। বস্তায় আদা চাষের মাধ্যমে পতিত জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য একটি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় ১৪টি কর্মসম্পাদন সূচকের কার্যক্রম চলমান এবং বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় মৎস্য চাষিদের প্রশিক্ষণ, শীতকালীন মাছের রোগবালাই দমন বিষয়ে পরামর্শ প্রদান করা হচ্ছে। তিনি আরোও জানান যে, কিছু অসাধু মাছ ব্যবসায়ী চিংড়ি মাছে ওজন বৃদ্ধির জন্য এক ধরণের জেলী ব্যবহার করেন। উক্ত অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য মাছ বাজারসমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তিনি সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন। | ১। মৎস্য চাষিদেরকে নিয়মিত পরামর্শ/ প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>২। চিংড়ি মাছের ওজন বৃদ্ধির জন্য জেলী ব্যবহারকারী অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |

চলমান

CamScanner

## ৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৫৫তম (জানুয়ারি ২০২৪ মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ শাহিদ মাহমুদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।
তারিখ ঃ ২৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী।
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।
অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ২১-১২-২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি রবি বোরো ধান উৎপাদনের লক্ষ্যমাত্র ২৩৭৭৫ হেঃ, শাকসবজি উৎপাদনের লক্ষ্যমাত্র ১৬০০হেঃ ও বোরো ধানের বীজতলার লক্ষ্যমাত্রা ১২৬৫ হেঃ। শীতকালে বোরো ধানের বীজতলাসহ অন্যান্য রবি ফসলের পরিচর্যার জন্য কৃষক পরামর্শ প্রদান করা হচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। চলতি মাসের ইউরিয়া সারের বরাদ্দ ১৯৬৭ মেঃ টন, টিএসপি সারের বরাদ্দ ২১৫.৬৫ মেঃটন, এমওপি সারের বরাদ্দ ৭৬৩.৪০ মেঃটন ও ডিএপি সারের বরাদ্দ ১৩০৫.৮০ মেঃটন। তিনি আরোও জানান যে, অদ্য ২৫/০১/২০২৪ তারিখ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ৬৩৪ মেঃটন, টিএসপি সারের মজুদ ১২৮ মেঃটন, এমওপি সারের মজুদ ৫১৪ মেঃটন ও ডিএপি সারের মজুদ ৬৭৮ মেঃ টন।<br>উপজেলা কৃষি অফিসার আরোও জানান যে, বস্তায় আদা চাষের মাধ্যমে পতিত জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভব। এ জন্য কৃষকদের দক্ষতাবৃদ্ধির জন্য উপজেলা পরিষদ হতে বস্তায় আদা চাষের একটি প্রকল্প গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। চলতি রবি মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদন অর্জন করতে হবে এবং রোগ বালাই দমনে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>৩। বস্তায় আদা চাষের মাধ্যমে পতিত জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য একটি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় ১৪টি কর্মসম্পাদন সূচকের কার্যক্রম চলমান এবং বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় মৎস্য চাষিদের প্রশিক্ষণ, শীতকালীন মাছের রোগবালাই দমন বিষয়ে পরামর্শ প্রদান করা হচ্ছে। তিনি আরোও জানান যে, কিছু অসাধু মাছ ব্যবসায়ী চিংড়ি মাছে ওজন বৃদ্ধির জন্য এক ধরণের জেলী ব্যবহার করেন। উক্ত অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য মাছ বাজারসমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তিনি সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন। | ১। মৎস্য চাষিদেরকে নিয়মিত পরামর্শ/ প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>২। চিংড়ি মাছের ওজন বৃদ্ধির জন্য জেলী ব্যবহারকারী অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি ১,০৭,৪৫৯ জন, পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৮৮,৯২৯ জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৭৬%, মোট গর্ভবতী ৩৫৩৫ জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব ৪৩ জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ২০জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগ হতে ডিসেম্বর ২০২৩ মাসে খাবার বড়ি ৩১,২২২ চক্র, আপন ৯৯০ চক্র, কনডম ১২,২৬১ পিস, ইনজেকশন ৩৮৩৮ ভায়াল, আই,ইউ,ডি ৮১ জন, ইমপ্ল্যান্ট ১৪৭ জন ও ই,সি,পি ১৫ জনকে প্রদান করা হয়েছে। এছাড়াও ৬ জন পুরুষ ও ৪৬ জন মহিলাকে স্থায়ী পদ্ধতি পদান করা হয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গত সেপ্টেম্বর ২০২৩ মাসের সভায় অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থে মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচুঁ বেঞ্চ সরবরাহকরণ এবং কমিউনিটি ক্লিনিকের সাথে নতুন ৩টি ডেলিভারি রুম নির্মাণ কাজ চলমান। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় অনুমোদিত প্রকল্পসমূহ এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অনুমোদিত প্রকল্প দুটির কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে আবেদনকৃত প্রতিবন্ধীদের শতভাগ বরাদ্দ পাওয়া গিয়াছে। তিনি তালিকা যাচাই করে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণীসহ সমাজসেবা অফিসে দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করতে হবে।<br>৩। ভাতা প্রাপ্তির আবেদনকৃত প্রতিবন্ধীদের তালিকা যাচাই করে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণীসহ সমাজসেবা অফিসে প্রস্তাব দাখিল করতে হবে। | ১। উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর।<br>২। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) নীলফামারী সদর। |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ কার্যপত্রের মাধ্যমে জানা যায় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে "জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ"কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ডিসেম্বর/২০২৩ মাসে সদর উপজেলায় ভিডব্লিউবিকর্মসূচির পুষ্টি চাল বিতরণ করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় প্রতিমাসে সদর উপজেলার ইউনিয়ন প্রতি ১৫ জন ও নীলফামারী পৌরসভায় ৫৪ জন করে অনলাইন আবেদন কার্যক্রম চলমান ও চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। ক্ষুদ্রঋণ দানকর্মসূচির আওতায় ঋণ আদায়কার্যক্রম চলমান, গত মাসে সদর উপজেলায় ঋণ আদায় হয়নি। "কিশোর-কিশোরীক্লাব স্থাপন প্রকল্প" এর আওতায় ক্লাবসমূহ পরিদর্শন কার্যক্রম চলমান। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরে অনুদানের আবেদন মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয় ঢাকায় প্রেরণ করা হয়েছে। বাল্যবিবাহ, মানবপাচার ও কর্মস্থলে যৌন হয়রানি নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা কার্যক্রম চলমান। | চলমান কার্যক্রমসমূহ যথানিয়মে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক/প্রোগ্রাম অফিসার<br>মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী। |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী জানান যে, চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৫ম পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য অগভীর নলকূপের স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/ এনএনজিপিএস/ পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের বাকী সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | চলমান কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |

চলমান

| | | |
|---|---|---|
| **১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা শিক্ষা অফিসার জানান যে, নীলফামারী সদর উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে গত ০১ জানুয়ারি ২০২৪ তারিখ বিনামূল্যে বই বিতরণ করা হয়েছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, রামনগর ইউপি জানান যে, তার ইউনিয়নের ফুলেরতল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ সংকীর্ণ হওয়ায় শিক্ষার্থীদের খেলা-ধুলার পর্যাপ্ত যায়গা নাই। কাজেই বিদ্যালয়ের মাঠ সৃজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | রামনগর ইউনিয়নের ফুলেরতল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ মাঠ সৃজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| **১২. উপজেলা সমবায় বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** কার্য পত্র পাওয়া যায়নি। তবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, নতুন কারিকুলাম অনুযায়ী মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। আগামী ২৪/১২/২০২৪ তারিখ প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। মাধ্যমিক পর্যায়ের শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| **১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, সাধারণ ও নির্বাচনী এলাকা ভিত্তিক টিআর ও কাবিটা প্রকল্পের কাজ চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও তিনি আরোও জানান যে, ইউনিয়ন পর্যায়ে কোথাও ব্রীজের প্রয়োজন হলে প্রস্তাব দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। বর্তমানে ৩৫.১৫ লক্ষ টাকা সঞ্চয় ১৮.৯০ লক্ষ টাকা শেয়ার জমা রয়েছে। আয় বর্ধনমূলক কর্মকান্ডের জন্য এ উপজেলায় ৮২৪.৬৪ লক্ষ টাকা বিতরণ ও ৬৬৪.৫০ লক্ষ টাকা আদায় রয়েছে, আদায়ের হা ৮১% এবং ঋণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছ। তিনি আরোও জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৬. বন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| **১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>(১) **খাদ্যগুদামে বর্তমান মজুদঃ**<br>চাল - ৮৩৭৯.৮৫০ মেঃ টন, ধান- ০ মেঃ টন, গম- ০ মেঃ টন<br>(২) **সংগ্রহ কার্যক্রম** ঃ আমন চাল/ধান সংগ্রহ/২০২৪ চলমান রয়েছে।<br>(৩) **বিলি/বিতরণ** ঃ জিআর, ইপি,ওপি, ভিডব্লিউবি, ভিজিএফ, ওএমএস ও টিসিবি খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে।<br>(৪) **বাজারদর ঃ** ধান - ২৯/- থেকে ৩০/- প্রতি কেজি দর<br>চাল - ৪৩/- থেকে ৪৪/ " " "<br>গম - ৪৮/- থেকে ৫০/- " " "<br>আটা - ৫৫/- থেকে ৫৮/- " " "<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- " " "<br>চিনি - ১৩৮/- থেকে ১৪০/- " " "<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- " " "<br>সয়াবিন তেল - ১৯০/- থেকে ১৯৫/- " " " | সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |

চলমান

| | | |
|---|---|---|
| (৫) **ওএমএস কার্যক্রম** ঃ বর্তমানে জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রিয় করা হচ্ছে। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা।<br>(৬) **ভিডব্লিউবি কার্যক্রমঃ** ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি খাতে জানুয়ারি/২০২৪ মাসে পুষ্টি চাল চাল সরবরাহ করা হবে। প্রমিক্স কার্নেল এর বরাদ্দপত্র অনুমোদন হয়েছে। খাদ্যগুদামে কার্নেল প্রাপ্তি এবং জানুয়ারি/২৪ মাসের ভিডব্লিউবি খাতে চালের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পুষ্টিচালের ডিও ইস্যু করা হবে। | | |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের ডিসেম্বর ২০২৩ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। আমন ফসলের নমুনা কর্তন তালিকা প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। এসডিআরএস প্রকল্পের আওতায় জনতাত্বিক বিভিন্ন সূচক নির্ধারণের জন্য নীলফামারী সদর উপজেলার ৩টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br>১৮.৩। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তিনি আরোও জানান যে, আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উদযাপন করা হবে। | ১। সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ যথাযথভাবে উদযাপন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কমান্ডার ও ইউনিয়ন দলনেতা/ দলনেত্রীদের নিয়ে নিয়মিত মাসিক সভার আয়োজন করা হয়। এছাড়াও আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে যে কোন ধরণের নাশকতামূলক কর্মকান্ড প্রতিহত করার জন্য এবং আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের নির্দেশ প্রদান করা হয়েছে। | দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সহকারী প্রকৌশলী জানান যে, আসন্ন বোরো মৌসুমে সেচ প্রদানের জন্য গভীর নলকূপসমূহ প্রস্তুত রাখা হয়েছে। কৃষকগণের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান করা হবে। | কৃষকগণের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী<br>বিএমডিএ, নীলফামারী |
| ২১. আইসিটি বিভাগঃ সহকারী প্রোগ্রামার জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বেকার যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করে আত্মনির্ভরশীল গড়ে তুলতে হবে। | সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী জানান যে, আসন্ন বোরো মৌসুমে সেচ প্রদানের জন্য গভীর নলকূপসমূহ প্রস্তুত রাখা হয়েছে। | কৃষকগণের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপসহকার প্রকৌশলী<br>বিএডিসি(ক্ষুদ্রসেচ)<br>নীলফামারী সদর। |
| ২৩. নির্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, নীলফামারী সদর |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয় নির্দেশনা মোতাবেক উঠান বৈঠক কার্যক্রম অনুষ্ঠিত হচ্ছে। তিনি উঠান বৈঠকে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। উঠান বৈঠকে উপস্থিত থাকার জন্য ইউপি চেয়ারম্যানগণকে আমন্ত্রণ জানাতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা<br>তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |

চলমান

| | | |
|---|---|---|
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ের বরাদ্দকৃত অর্থে মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচুঁ বেঞ্চ সরবরাহকরণ এবং কমিউনিটি ক্লিনিকের সাথে নতুন ৩টি ডেলিভারি রুম নির্মাণ কাজ চলমান। ৬ষ্ঠ পর্যায়ের অতিরিক্ত আরোও ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকায় উপজেলার গুরুত্বপূর্ণ রাস্তায় সোলার স্ট্রিট লাইট স্থাপনের জন্য প্রকল্প কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রকল্প কার্যালয়ের অনুমতি প্রাপ্তি সাপেক্ষে টেন্ডার কার্যক্রম শুরু করা হবে। | ৬ষ্ঠ পর্যায়ের অতিরিক্ত বরাদ্দকৃত অর্থে এ উপজেলার গুরুত্বপূর্ণ রাস্তায় সোলার স্ট্রিট লাইট স্থাপনের লক্ষ্যে ইউজিডিপি, ঢাকা কার্যালয়ে অনুমতি প্রাপ্তি সাপেক্ষে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, ডিসেম্বর, ২০২৩ মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ৪৭/২০২৩-২৪ | ০৩/১২/২০২৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর নভেম্বর ২০২৩ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ৪৮/২০২৩-২৪ | ০৩/১২/২০২৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর নভেম্বর ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ৪৯/২০২৩-২৪ | ০৩/১২/২০২৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর নভেম্বর ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ৫০/২০২৩-২৪ | ০৩/১২/২০২৩ | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির নভেম্বর ২০২৩ মাসের মজুরি বিল। | ২৬,০০০.০০ |
| ৫১/২০২৩-২৪ | ১০/১২/২০২৩ | মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, নীলফামারীকে আর্থিক সহায়তা প্রদান | ৫০,০০০/- |
| ৫২/২০২৩-২৪ | ২০/১২/২০২৩ | নীলফামারী সদর উপজেলা পরিষদ চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল মেরামত ও রংকরণ বিল | ২০,২২৫/- |
| ৫৩/২০২৩-২৪ | ২৪/১২/২০২৩ | নীলফামারী সদর উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ বাবদ মেসার্স আমান ট্রেডার্স পূর্ব কুখাপাড়া (সৈয়দপুর রোড, জোড়দরগা) নীলফামারীকে চূড়ান্ত বিল প্রদান | ৫,৪৯,৮০৯/- |
| ৫৪/২০২৩-২৪ | ২৪/১২/২০২৩ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত আপ্যায়ন ব্যয় বিল | ১২০,০০০/- |
| ৫৫/২০২৩-২৪ | ২৪/১২/২০২৩ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত আনুষঙ্গিক ব্যয় বিল | ২০,০০০/- |

আলোচ্যসূচি বিবিধ ০২। লক্ষীচাপ ইউনিয়নের বিলে অতিথি পাখির অভয় আশ্রম প্রসংগে।

সভায় আলোচনাকালে চেয়ারম্যান, লক্ষীচাপ ইউপি জানান যে, লক্ষীচাপ ইউনিয়নের দাড়ীহাড়া বিলে অতিথি পাখির আগমন হয়েছে। পাখি শিকারীগণ উক্ত শিকার করার জন্য আসেন এবং ছেলেরা ঢিল ছুরেন। তিনি দাড়ীহাড়া বিলকে পাখির অভয় আশ্রম ঘোষনার জন্য প্রস্তাব পেশ করেন। সভায় বর্ণিত বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ লক্ষীচাপ ইউনিয়নের দাড়ীহাড়া বিলকে পাখির অভয় আশ্রম ঘোষনার জন্য বনবিভাগ, নীলফামারী ও ট্যুরিস্ট পুলিশ, নীলফামারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১. ০৩(৫০)

তারিখঃ ১১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা..........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান,.....................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

২৬/০১/২০২৪

(মোঃ মেহেদী হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০২৫৮৯৯৫৫১৮১
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

CamScanner